

# দিনাজপুর বোর্ডে জিপিএ-৫ পেয়েছেন ১৪৮১৭ জন

## দিনাজপুর প্রতিনিধি

৩ প্রকাশ: ১৭ ঘণ্টা আগে

৩ আপডেট: ১৭ ঘণ্টা আগে



এইচএসসিতে শতভাগ পাসের ফলাফলে দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডে এ বছর জিপিএ-৫ পেয়েছেন ১৪ হাজার ৮৭১ জন। যা মোট শিক্ষার্থীর ১২ দশমিক ৫২ শতাংশ। গত বছরের তুলনায় জিপিএ-৫ প্রাপ্তির এই হার প্রায় আড়াই গুণ বেড়েছে।

শনিবার সকাল সাড়ে ১১ টায় দিনাজপুর শিক্ষাবোর্ড থেকে সংবাদ সম্মেলনের মাধ্যমে এসব তথ্য জানানো হয়। এ সময় বোর্ডের সচিব প্রফেসর আমিনুল হক সরকার, কলেজ পরিদর্শক প্রফেসর ফারাজ উদ্দিন তালুকদার, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর হারুন অর রশিদ মন্ত্র, শিক্ষাবোর্ড কর্মচারী ইউনিয়নের সভাপতি আলহাজু মাসুদ আলম, সহ-সভাপতি শহিদুল ইসলাম খান প্রমুখ উপস্থিত ছিলেন।

দিনাজপুর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল থেকে জানা যায়, চলতি বছর এই বোর্ডের অধীনে ৮টি জেলার মোট ৬৫৭টি কলেজের ১ লাখ ১৮ হাজার ৭৩৫ জনকে কৃতকার্য দেখানো হয়েছে। মোট জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ৭ হাজার ২৯৭ জন ছাত্র ও ৭ হাজার ৫৭৪ জন ছাত্রী। গত বছরের তুলনায় শিক্ষার্থীর সংখ্যা কম

থাকলেও বেড়েছে জিপিএ-৫ এর সংখ্যা। গত বছরে শিক্ষার্থী ছিল ১ লাখ ২৬ হাজার ৩৭৯ জন আর জিপিএ-৫ পেয়েছিলেন ৪ হাজার ৪৯ জন। আর এবারে ৭ হাজার ৬৪৪ জন শিক্ষার্থী কম থাকলেও গত বছরের তুলনায় ১০ হাজার ৮২২ জন বেশি জিপিএ-৫ পেয়েছেন।

রংপুর বিভাগের ৮টি জেলার মধ্যে সবচেয়ে বেশি জিপিএ-৫ পেয়েছে রংপুর জেলার শিক্ষার্থীরা। এই জেলায় মোট ৬ হাজার ১৪ জন জিপিএ-৫ পেয়েছেন। দ্বিতীয় অবস্থানে রয়েছে দিনাজপুর জেলার শিক্ষার্থীরা। এই জেলায় মোট জিপিএ-৫ পেয়েছেন ২ হাজার ৬৯০ জন। এছাড়াও ১ হাজার ৬০৬ জন জিপিএ-৫ পেয়ে তৃতীয় অবস্থানে নীলফামারী জেলা। এছাড়া গাইবান্ধা জেলায় জিপিএ ৫ পেয়েছেন ১ হাজার ৫৩৫ জন, ঠাকুরগাঁও জেলায় ১ হাজার ১৪৩ জন, কুড়িগ্রাম জেলায় ১ হাজার ৭২ জন, লালমনিরহাট জেলায় ৫১৫ জন এবং পঞ্চগড় জেলায় জিপিএ-৫ পেয়েছেন ২৯৬ জন।

এবারে এইচএসসি পরীক্ষায় দিনাজপুর শিক্ষা বোর্ডে বিজ্ঞান বিভাগে ২৭ হাজার ৫৭৬ জন, মানবিক বিভাগে ৭৭ হাজার ৪০৮ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ১৩ হাজার ৭৫১ জন শিক্ষার্থী ছিলেন।



© সমকাল ২০০৫ - ২০২১

তারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com) (প্রিন্ট), [ad.samakalonline@outlook.com](mailto:ad.samakalonline@outlook.com) (অনলাইন)